# ঢাকা কমার্স কলেজ

স্থাপিত - ১৯৮৯ খ্রিস্টাব্দ
(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)
ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৪৮০৩৩৯০৩, ৪৮০৩৭৩৫৭, ৪৮০৩৬৯৪২
e-mail: cdhakacommercecollege@yahoo.com Web: www.dcc.edu.bd

স্মারক নং: ঢাকক-৮৯/১৭৫/২৪ তারিখ: ৩১/০১/২০২৪

## অফিস বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৩৭.০০.০০০০.০৬৪.০৯৯.০০৩.২৩.৩২, তারিখ: ২৪/০১/২০২৪ মোতাবেক শিক্ষার্থী এবং শিক্ষক-কর্মচারীগণকে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ কর্তৃক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বিশেষ মঞ্জুরী হিসেবে অর্থ অনুদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আগ্রহী শিক্ষার্থী এবং শিক্ষক-কর্মচারীগণ মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট **www.shed.gov.bd** এর আর্থিক অনুদান আবেদন ফরম বাটনে ক্লিক করে আগামী ২৯/০২/২০২৪ অনলাইনে আবেদন দাখিল করতে পারবে:

**শর্তসমূহ :**

১। শিক্ষার্থীরা দুরারোগ্য ব্যাধি, দৈব দুর্ঘটনা এবং শিক্ষা গ্রহণ কাজে ব্যয়ের জন্য আবেদন করতে পারবে। এ অনুদান প্রদানের ক্ষেত্রে দুস্থ, প্রতিবন্ধী, অসহায়, রোগগ্রস্ত, গরীব, মেধাবী ও অনগ্রসর এলাকার শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে;

২। শিক্ষার্থীদেরকে অনলাইন আবেদনের সাথে জন্মনিবন্ধন সনদ এবং অধ্যক্ষের প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে;

৩। শিক্ষার্থীদেরকে বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং নগদ এর মাধ্যমে প্রদান করা হবে। সুতরাং অনলাইন আবেদনকালে নগদ লেনদেন চালু রয়েছে এমন ব্যক্তিগত মোবাইল নম্বর প্রদান করতে হবে। এজেন্ট নম্বর বা মার্চেন্ট নম্বর গ্রহণযোগ্য নয়;

৪। ২০২২-২৩ অর্থবছরে যে সকল শিক্ষার্থী অনুদান পেয়েছে তারা এ বছর (চলতি ২০২৩-২৪ অর্থবছর) আর্থিক অনুদানের জন্য আবেদন করতে পারবে না;

৫। প্রতিবন্ধীতার ক্ষেত্রে সংশ্লিষ্ট সমাজ কল্যাণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত "প্রতিবন্ধী সনদ" সংযুক্ত করতে হবে;

৬। শিক্ষক-কর্মচারীগণ দুরারোগ্য ব্যাধি, দৈব দুর্ঘটনার জন্য মঞ্জুরীর আবেদন করতে পারবেন। এক্ষেতে আবেদনের সাথে জাতীয় পরিচয় নম্বর প্রদান, চিকিৎসা সংক্রান্ত যাবতীয় ডাক্তারি সনদ এবং দৈব দুর্ঘটনার স্বপক্ষে প্রমানপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে ;

৭। শিক্ষক-কর্মচারীদের বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং নগদ এর মাধ্যমে প্রদান করা হবে। সুতরাং অনলাইন আবেদনকালে নগদ লেনদেন চালু রয়েছে এমন ব্যক্তিগত মোবাইল নম্বর প্রদান করতে হবে। এজেন্ট নম্বর বা মার্চেন্ট নম্বর গ্রহণযোগ্য নয়;

৮। অসম্পূর্ণ আবেদন বা আবেদনের হার্ডকপি গ্রহণযোগ্য নয়।

অধ্যক্ষ
ঢাকা কমার্স কলেজ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাজেট অধিশাখা
www.shed.gov.bd

নং: ৩৭.০০.০০০০.০৬৪.০৯৯.০০৩.২৩.৩২

তারিখ: ১০ মাঘ ১৪৩০
২৪ জানুয়ারি ২০২৪

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে পরিচালন বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ অনুদান হিসেবে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের মধ্যে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে "শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অনুদান প্রদানের জন্য অনুসরণীয় নীতিমালা (সংশোধিত-২০২০)" অনুযায়ী নিম্নে বর্ণিত শর্তে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে (নীতিমালা www.shed.gov.bd তে পাওয়া যাবে)।

(ক) দেশের সকল স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের (এম.পি.ও ভুক্ত ও নন এম.পি.ও. ভুক্ত) মেরামত ও সংস্কার, আসবাবপত্র সংগ্রহ, পাঠাগার স্থাপন, খেলাধুলার সরঞ্জাম সংগ্রহ, প্রতিষ্ঠানকে প্রতিবন্ধী বান্ধব করার জন্য অনুদানের আবেদন করা যাবে। শিক্ষা প্রতিষ্ঠান বাছাইয়ের ক্ষেত্রে অনগ্রসর এলাকার শিক্ষা প্রতিষ্ঠান অথচ লেখাপড়ার মান ভালো এরূপ প্রতিষ্ঠান-কে অগ্রাধিকার প্রদান করা হবে;

(খ) বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের (এম.পি.ও ভুক্ত ও নন এম.পি.ও. ভুক্ত) শিক্ষক কর্মচারীগণ তাঁদের দুরারোগ্য ব্যাধি ও দৈব দুর্ঘটনার জন্য অনুদানের আবেদন করতে পারবেন;

(গ) সরকারি বা বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের (এম.পি.ও ভুক্ত ও নন এম.পি.ও. ভুক্ত) ছাত্র-ছাত্রীবৃন্দ দুরারোগ্য ব্যাধি ও দৈব দুর্ঘটনা এবং শিক্ষা গ্রহণ কাজে ব্যয়ের জন্য আবেদন করতে পারবে। এ অনুদান প্রদানের ক্ষেত্রে দুস্থ, প্রতিবন্ধী, অসহায়, রোগগ্রস্থ, গরীব, মেধাবী ও অনগ্রসর এলাকার ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার প্রদান করা হবে;

(ঘ) উক্ত খাতে মঞ্জুরি/অনুদান প্রাপ্তির জন্য আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীকে আগামী ০৪ ফেব্রুয়ারি হতে ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে (www.shed.gov.bd) শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদের আর্থিক অনুদানের আবেদন ফরম বাটনে ক্লিক করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না;

(ঙ) শিক্ষা প্রতিষ্ঠানের আবেদনের ক্ষেত্রে অনুদানের প্রয়োজনীয়তার বিষয়ে ম্যনেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি কর্তৃক প্রদত্ত এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রতিপাদিত প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;

(চ) শিক্ষক-কর্মচারী ক্যাটাগরিতে আবেদনের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র নম্বর প্রদানসহ চিকিৎসা সংক্রান্ত যাবতীয় ডাক্তারি সনদ এবং দৈব দুর্ঘটনার স্বপক্ষে প্রমানপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;

(ছ) স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে জন্মনিবন্ধন সনদ নম্বর প্রদান করতে হবে। আবেদনের সাথে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;

(জ) শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ব্যাংক হিসাবে অনলাইন এর মাধ্যমে প্রদান করা হবে। সুতরাং অনলাইন আবেদনকালে ব্যাংক হিসাবের তথ্য যথাযথভাবে পূরণ করতঃ উক্ত হিসাবের প্রমাণক হিসেবে MICR চেক বই এর ১টি চেক পাতার PDF কপি সংযুক্ত করতে হবে; (ব্যাংক হিসাব অনলাইন না হলে এবং MICR চেক বই এর ১টি চেক পাতা আবেদনের সময় সংযুক্ত করা না হলে আবেদন বাতিল বলে গণ্য হবে)

(ঝ) শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং নগদ এর মাধ্যমে প্রদান করা হবে। সুতরাং অনলাইন আবেদনকালে নগদ লেনদেন চালু রয়েছে এমন ব্যক্তিগত মোবাইল নম্বর প্রদান করতে হবে। এজেন্ট নম্বর বা মার্চেন্ট নম্বর গ্রহণযোগ্য নয়;

(ঞ) ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী অনুদান পেয়েছেন সে সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী এ বছর (চলতি ২০২৩-২৪ অর্থবছর) আর্থিক অনুদানের জন্য আবেদন করতে পারবেন না;

(ট) ২০২২-২৩ অর্থবছরে যে সকল ছাত্র-ছাত্রী অনুদান পেয়েছেন সে সকল ছাত্র-ছাত্রী এ বছর (চলতি ২০২৩-২৪ অর্থবছর) আর্থিক অনুদানের জন্য আবেদন করতে পারবেন না;

(ঠ) প্রতিবন্ধীতার ক্ষেত্রে সংশ্লিষ্ট সমাজ কল্যাণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত 'প্রতিবন্ধী সনদ' সংযুক্ত করতে হবে;

(ড) অসম্পূর্ণ আবেদন বা আবেদনের হার্ডকপি গ্রহণযোগ্য নয়।

২৪/১/২০২৪

(মোঃ নূর-ই-আলম)
যুগ্মসচিব
ফোন: ৯৫১২২০৫
ই-মেইল: moebudgetsection@gmail.com